

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৬, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই আশ্বিন ১৪০২/২৬শে সেপ্টেম্বর ১৯৯৫

এস. আর. ও নং ১৭২-আইন/৯৫—Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) Control Order, 1956 এর Paragraph 6 এ প্রদত্ত দমতাবলে সরকার এই মর্মে নির্দিষ্ট করিল যে, কোন ব্যক্তি ২৩শে ডান্ড, ১৪০২ বাং মোতাবেক ৭ই সেপ্টেম্বর, ১৯৯৫ ইং তারিখ হইতে ১৮ই জ্যৈষ্ঠ, ১৪০৩ বাং মোতাবেক ৩১শে মে, তারিখ পর্যন্ত সময়কালের মধ্যে অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস. আর. ও নং ২৬২-আইন/৯৪, তারিখ ১৫ই ডান্ড, ১৪০১ বাং মোতাবেক ৩০শে আগষ্ট, ১৯৯৪ ইং এবং এস. আর. ও নং ১৯-আইন/৯৫, তারিখ ২২শে মাঘ, ১৪০১ বাং মোতাবেক ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৯৫ ইং দ্বারা ঘোষিত অংশ এলাকায় অবস্থিত চিনি কারখানা ব্যতিরেকে অন্য কোনভাবে চিনি বা গুড় উৎপাদন করার যন্ত্রপাতি ব্যবহার করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে সেইরূপ যন্ত্রপাতি ব্রহ্ম বা ডায়াল অর্জন করিতে পারিবেন না।

২। শিল্প মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং এস. আর. ও. ২৮৬-আইন/৮৯, তারিখ ৩০শে শ্রাবণ, ১৩৯৬ বাং মোতাবেক ১৪ই আগষ্ট, ১৯৮৯ ইং এর বিরুদ্ধে যে সকল ব্যক্তি মামলা দায়ের করিয়াছেন এবং উল্লিখিত প্রজ্ঞাপনের কার্যকরতার উপর স্থগিতাদেশ লাভ করিয়াছেন তাহাদের ক্ষেত্রে অত্র প্রজ্ঞাপনের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাকেরা বেগম

উপ-সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মূদ্রিত

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস

ডেকলগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।